

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ৩, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ১৯ শে ভাদ্র, ১৪০৮/৩রা সেপ্টেম্বর, ২০০১

এস, আর, ও নং ২৪৭-আইন/২০০১/৩২৪-মসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং ধারা) এর ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর H. S. Code No. 2402.20.00 এর আওতাধীন উৎপাদিত বা আমদানীকৃত তামাকযুক্ত সিগারেট (হাতে তৈরী বিড়ি ব্যতীত) এর উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক গুল্ক আদায়ের লক্ষ্যে, নিম্নরূপ আদেশ জারী করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আদেশ আমদানীকৃত বা উৎপাদিত তামাকযুক্ত সিগারেট (প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি) আদেশ, ২০০১ নামে অভিহিত হইবে।

২। **স্ট্যাম্প বা ব্যান্ডরোল এর ব্যবহার পদ্ধতি, ইত্যাদি।**—(১) আমদানীকারক বা মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর অধীন নিবন্ধিত উৎপাদক, অতঃপর উৎপাদক বলিয়া উল্লিখিত, ১৮ই কার্তিক ১৪০৭ বাংলা মোতাবেক ২রা নভেম্বর, ২০০০ইং তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ৩৩০-আইন/২০০০/২৯৬-মসক এর মাধ্যমে বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখ হইতে আমদানীকৃত বা উৎপাদিত সিগারেটের প্যাকেটে, অনুচ্ছেদ ৪ ও ৫ এ বিধৃত পদ্ধতিতে তদকর্তৃক নির্দিষ্টকৃত মূল্যমানের নিরাপত্তামূলক ব্যবস্থা সম্বলিত বিশেষ আকার ও ডিজাইনের স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার করিবে।

(৪৬১৫)

মূল্য ঃ টাকা ২.০০

(২) আমদানীকৃত বা উৎপাদিত সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল এর ব্যবহারের উদ্দেশ্যে আমদানীকারক বা উৎপাদক বোর্ড কর্তৃক সময় সময় প্রশাসনিক আদেশ দ্বারা জারীকৃত নির্দেশনা অনুসারে স্ট্যাম্প বা ব্যান্ডরোল সংগ্রহ করিবে।

৩। স্ট্যাম্প ও ব্যান্ডরোল এর আকার এবং ডিজাইন।—(১) সিগারেটের প্যাকেটে ব্যবহার্য স্ট্যাম্পের আকার হইবে দৈর্ঘ্যে ৪৫ (পয়তাল্লিশ) মিলিমিটার ও প্রস্থে ২০ (বিশ) মিলিমিটার এবং ব্যান্ডরোলের আকার হইবে দৈর্ঘ্যে 180 ± 0.5 মিলিমিটার এবং প্রস্থে 18 ± 0.25 মিলিমিটার। স্ট্যাম্পের ডিজাইন হইবে প্রধান রং-এর ভিত্তিতে “আকাশী নীল”, “গোলাপী” ও “হালকা সবুজ” এবং ব্যান্ডরোলের ডিজাইন হইবে “হালকা নীল” ও “গোলাপী”।

(২) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত স্ট্যাম্প ও ব্যান্ডরোলের মূল্যমান বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে।

৪। উৎপাদিত সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানোর পদ্ধতি।—(১) উৎপাদিত সিগারেটের প্যাকেটে নিম্নবর্ণিত পদ্ধতিতে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগাইতে (affix) হইবে, যথাঃ—

(ক) উৎপাদনের পর সিগারেটের প্যাকেট পর্যায়ে সংশ্লিষ্ট সিগারেট কারখানায় স্থাপিত স্ট্যাম্পিং মেশিন দ্বারা সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগাইতে হইবে ;

(খ) স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানোর সময় কমিশনার কর্তৃক ক্ষমতাপ্রদত্ত ইন্সপেক্টরের নিম্নে নহে এমন কোন কর্মকর্তার উপস্থিতিতে উক্ত মেশিন দ্বারা স্ট্যাম্প বা ব্যান্ডরোল আঠা (Glue) লাগাইয়া—

(অ) হার্ড ও সফট প্যাকেটের খোলার মুখে এমনভাবে স্ট্যাম্প লাগাইতে হইবে যেন উক্ত লাগানো স্ট্যাম্প ছিড়িয়া ফেলা ব্যতীত সংশ্লিষ্ট সিগারেটের প্যাকেটের মুখ খোলা না যায় ; এবং

(আ) শেল এন্ড স্লাইড প্যাকেটের প্রস্থের দিকে দুই প্রান্তের স্লাইডকে যুক্ত করিয়া এমনভাবে ব্যান্ডরোল লাগাইতে হইবে যেন উক্ত লাগানো ব্যান্ডরোল ছিড়িয়া ফেলা ব্যতীত প্যাকেটের কোন মুখ খোলা না যায়।

ব্যাখ্যা।—এই উপ-অনুচ্ছেদে—

(ক) “হার্ড ও সফট প্যাকেট” অর্থ শক্ত বা নরম কাগজ বা কাগজের বোর্ড বা অন্য কোন উপকরণের তৈরী এক মুখ খোলা ও এক মুখ আবদ্ধ দশ বা বিশ শলাকা সিগারেট ধারণযোগ্য সিগারেটের প্যাকেটে ; এবং

(খ) “শেল এন্ড স্লাইড প্যাকেট” অর্থ শক্ত বা নরম কাগজ বা কাগজের বোর্ড বা অন্য কোন উপকরণের তৈরী দশ বা বিশ শলাকা ধারণযোগ্য সিগারেটের প্যাকেট যাহার দুই মুখ খোলা।

(২) স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানোর স্ট্যাম্পিং মেশিনের কারিগরী ত্রুটির কারণে কোন স্ট্যাম্প বা ব্যান্ডরোল নষ্ট হইলে, উক্ত নষ্ট হইয়া যাওয়া স্ট্যাম্প বা ব্যান্ডরোল উৎপাদক কর্তৃক সংরক্ষণ করিতে হইবে।

(৩) নষ্ট হওয়া স্ট্যাম্প বা ব্যান্ডরোল এর সংখ্যা কোনক্রমেই ব্যবহৃত স্ট্যাম্প বা ব্যান্ডরোল এর মোট সংখ্যার ১% হইতে অধিক হইতে পারিবে না :

তবে শর্ত থাকে যে, কারিগরি ত্রুটি ব্যতীত অন্য কোন কারণে স্ট্যাম্প বা ব্যান্ডরোল নষ্ট হওয়ার ক্ষেত্রে, বোর্ডের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার সিদ্ধান্ত সাপেক্ষে, ব্যবহৃত স্ট্যাম্প বা ব্যান্ডরোল এর মোট সংখ্যার সর্বোচ্চ ২% পর্যন্ত নষ্ট হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৪) উপ-অনুচ্ছেদ (৩) এ নির্ধারিত সংখ্যক বা হারের বেশী স্ট্যাম্প বা ব্যান্ডরোল নষ্ট হইলে বা নষ্ট হইয়াছে মর্মে দেখানো হইলে সংশ্লিষ্ট উৎপাদক কর্তৃক উক্তরূপ নষ্ট হইয়া যাওয়া অতিরিক্ত স্ট্যাম্প বা ব্যান্ডরোল যে সংখ্যক সিগারেট প্যাকেটে লাগানো যাইত সেই সংখ্যক সিগারেট প্যাকেটের ক্ষেত্রে প্রদেয় মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক প্রদান করিতে হইবে।

৫। আমদানীকৃত সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানোর পদ্ধতি।—(১) আমদানীকৃত সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানোর ক্ষেত্রে—

(ক) আমদানীকারক কর্তৃক সিগারেট আমদানির ক্ষেত্রে আমদানি ঋণপত্রে “জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশিত স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানো” শীর্ষক শর্ত উল্লেখ করিতে হইবে :

(খ) সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানোর ক্ষেত্রে বোর্ড কর্তৃক নির্দেশিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

(২) স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানো অবস্থায় সিগারেটের প্যাকেট আমদানি হইয়াছে কিনা সেই সম্পর্কে নিশ্চিত হইয়া সংশ্লিষ্ট শুল্ক আদায়কারী কর্তৃপক্ষ উক্ত সিগারেট চালান শুদ্ধায়ন করিবেন। নিরূপিত মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বাবদ প্রদেয় অর্থ হইতে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ক্রয়কালে প্রদত্ত অর্থ সমন্বয় করিয়া অবশিষ্ট মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বাবদ প্রাপ্য রাজস্ব আদায়ক্রমে সিগারেটের চালান খালাস করা যাইবে।

৬। প্রতিবেদন।—(১) উৎপাদক বা আমদানীকারক তাহাদের সংগৃহীত স্ট্যাম্প বা ব্যান্ডরোল এর মজুদ, ব্যবহার, মাসওয়ারী বিবরণ সম্বলিত প্রতিবেদন পরবর্তী মাসের ৭ (সাত) কার্য দিবসের মধ্যে বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করিবেন।

(২) সিগারেট উৎপাদক বা আমদানীকারক কর্তৃক তাহাদের উৎপাদিত সিগারেট বাজারজাত-করণের বিক্রয় কেন্দ্রসহ নিয়োগকৃত ডিলার, এজেন্ট, ডিস্ট্রিবিউটর এর নাম ও ঠিকানা স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করিতে হইবে।

৭। তদারকী।—(১) সিগারেট উৎপাদন কারখানায় সিগারেটের প্যাকেটে অনুচ্ছেদ ৪ এ নির্ধারিত পদ্ধতিতে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানোর প্রক্রিয়া পর্যবেক্ষণ ও নিশ্চিত করিবার লক্ষ্যে কমিশনার কারখানায় সার্বক্ষণিকভাবে ইন্সপেক্টরের উপস্থিতি নিশ্চিত করিবেন এবং ইন্সপেক্টর কারখানার ইস্যুকৃত স্ট্যাম্প বা ব্যান্ডরোলের চাহিদাপত্র এবং উহা সরবরাহের আদেশপত্র, স্ট্যাম্প বা ব্যান্ডরোল মজুদ, সিগারেট প্যাকেটের গায়ে স্ট্যাম্প ব্যবহার সম্পর্কিত ব্যবস্থা ইত্যাদি কার্যক্রম পর্যবেক্ষণ এবং তদসম্পর্কে তাহার মন্তব্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে লিপিবদ্ধ করিবে।

(২) এই আদেশের অধীন নির্ধারিত পদ্ধতিতে স্ট্যাম্প বা ব্যান্ডরোল সংগ্রহ করিয়া উহা উৎপাদিত বা আমদানীকৃত সিগারেটের প্যাকেটে যথাযথভাবে ব্যবহার হইয়াছে কিনা তাহা নিশ্চিত করার লক্ষ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের সুপারিনটেনডেন্ট প্রতি পনের দিন অন্তর একবার, সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা প্রতি একমাস অন্তর একবার এবং কমিশনার বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা প্রতি তিন মাস অন্তর একবার সংশ্লিষ্ট সিগারেট কারখানা পরিদর্শন করিবেন।

৮। স্ট্যাম্প বা ব্যান্ডরোল এর হিসাব সংরক্ষণ ইত্যাদি।—(১) সিগারেট উৎপাদক বা আমদানীকারক সিগারেট প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল এর মাসিক সম্ভাব্য চাহিদা সংখ্যা, বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে, বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

(২) সিগারেটের প্যাকেটে ব্যবহারের উদ্দেশ্যে উৎপাদক বা আমদানীকারক পর্যাপ্ত পরিমাণ স্ট্যাম্প বা ব্যান্ডরোল মজুদ রাখিয়া নতুন স্ট্যাম্প বা ব্যান্ডরোল সংগ্রহ করিবে।

(৩) আমদানীকারক বা উৎপাদক কর্তৃক সংগৃহীত স্ট্যাম্প বা ব্যান্ডরোল সংশ্লিষ্ট সিগারেট কারখানায় আনয়নের পর, বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে, স্ট্যাম্প বা ব্যান্ডরোলের যাবতীয় তথ্য লিপিবদ্ধ রাখিতে হইবে।

৯। এই প্রজ্ঞাপন ১৭ই ভাদ্র, ১৪০৮ বাং মোতাবেক ১লা সেপ্টেম্বর ২০০১ খ্রীঃ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ ফরিদ উদ্দিন

প্রথম সচিব।

(মুসক-নীতি ও বাজেট)